গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ভাঙ্গা, ফরিদপুর।
bhanga.faridpur.gov.bd

পত্র সংখ্যা: ০৫.১২.২৯১০.০০১.০০.০০১.২৩.২৬

তারিখ: ১৬-০১-২০২৩

## ১৪৩০ বাংলা সনের জন্য ভাঙ্গা উপজেলাধীন সরকারি হাট-বাজার ইজারা প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তি :

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ফরিদপুর জেলাধীন ভাঙ্গা উপজেলার সরকারি হাট-বাজারসমূহ ১৪৩০ বাংলা সনের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১ (এক) বছর মেয়াদকালের জন্য ইজারা প্রদানের লক্ষ্যে আগ্রহী ব্যক্তি/সংস্থা/পেশাজীবীদের নিকট হতে নিম্নবর্ণিত তফসিল ও শর্ত মোতাবেক সিলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে:

| ক্রমিক | হাট-বাজারের নাম | অবস্থান (ইউনিয়ন) | ১৪৩০ বাংলা সনের কাঙ্খিত ইজারা মূল্য | সিডিউলের মূল্য (অফেরতযোগ্য |
|---|---|---|---|---|
| ১. | মালিগ্রাম হাট | চান্দ্রা | ৯৩,৭৮,০৫৫/- | ১৯,৪০০/- |
| ২. | পুখুরিয়া হাট | মানিকদহ | ৪৬,৮৯৬/- | ৫০০/- |
| ৩. | আদমপুর হাট | মানিকদহ | ২,২২৬/- | ৫০০/- |
| ৪. | মানিকদহ কালীবাড়ি বাজার | মানিকদহ | ৮,০৯১/- | ৫০০/- |
| ৫. | লক্ষীপুর হাট | মানিকদহ | ৬৭১/- | ৫০০/- |
| ৬. | পুখুরিয়া বাজার | মানিকদহ | ২৫,৬১৭/- | ৫০০/- |
| ৭. | তাতী বাজার | নুরুল্যাগঞ্জ | ৪৯,৫৬৮/- | ৫০০/- |
| ৮. | বাকপুরা বাজার | নুরুল্যাগঞ্জ | ৮৫,৯০৮/- | ৫০০/- |
| ৯. | কাউলীবেড়া হাট | কাউলীবেড়া | ৮৫,৩৩০/- | ৫০০/- |
| ১০. | লোচনগঞ্জ হাট | কাউলীবেড়া | ২০,০৫,১৬৭/- | ৪,৮০০/- |
| ১১. | পল্লীবেড়া ঈদগাহ বাজার | কাউলীবেড়া | ৬৪,৮৭২/- | ৫০০/- |
| ১২. | শেকপুরা বাজার | কাউলীবেড়া | ৭৩১/- | ৫০০/- |
| ১৩. | পরারন মুন্সিবাড়ি বাজার | কাউলীবেড়া | ৬১,৬৪২/- | ৫০০/- |
| ১৪. | বালিয়াহাটি হাট | নাছিরাবাদ | ১৮,৭২,৩১৩/- | ৪,৪০০/- |
| ১৫. | আব্দুল্যাবাদ বাজার | নাছিরাবাদ | ৮৫৮/- | ৫০০/- |
| ১৬. | ভেন্নাতলা বাজার | নাছিরাবাদ | ৭৩১/- | ৫০০/- |
| ১৭. | উচ্চা বাজার | তুজারপুর | ৪০,৩১৫/- | ৫০০/- |
| ১৮. | পোদ্দার বাজার | তুজারপুর | ২,৮২৭/- | ৫০০/- |
| ১৯. | সড়ইবাড়ী বাজার | তুজারপুর | ১,৬৩২/- | ৫০০/- |
| ২০. | তুজারপুর বাজার | তুজারপুর | ২,৫২৯/- | ৫০০/- |
| ২১. | মহেশ্বরদী বাজার | হামিরদী | ৪,১৫/- | ৫০০/- |
| ২২. | মুনসুরাবাদ হাট | হামিরদী | ১০,১০,৪৪৫/- | ২,৮০০/- |
| ২৩. | হামিরদী পূর্বপাড়া বাজার | হামিরদী | ৫৬৬/- | ৫০০/- |
| ২৪. | হরির হাট | আলগী | ৫২,৬৪৭/- | ৫০০/- |
| ২৫. | পীরেরচর হাট | আলগী | ২৭,৯৮৪/- | ৫০০/- |
| ২৬. | সুলিনা হাট | আলগী | ৩,৪২৭/- | ৫০০/- |
| ২৭. | মানিকদী হাট | আলগী | ২,২৯৮/- | ৫০০/- |
| ২৮. | চুমুরদী হাট | চুমুরদী | ৩,৩০৪/- | ৫০০/- |
| ২৯. | বাবলাতলা হাট | চুমুরদী | ২,৪৯,৭১৮/- | ১,২০০/- |
| ৩০. | পূর্ব সদরদী কুমার নদী ব্রীজসংলগ্ন নতুন হাট | চুমুরদী | ৬,৪৯১/- | ৫০০/- |
| ৩১. | শরীফাবাদ হাট | ঘারুয়া | ৩৭,৬৩০/- | ৫০০/- |
| ৩২. | বামনকান্দা বাজার | ঘারুয়া বাজার | ১৩,২৫০/- | ৫০০/- |
| ৩৩. | ঘারুয়া বাজার | ঘারুয়া বাজার | ১০,২৫০/- | ৫০০/- |
| ৩৪. | শিমুল বাজার | আজিমনগর | ১,৭৪,৯০০/- | ১,০০০/- |
| ৩৫. | আজিমনগর বাজার | আজিমনগর | ১,৯৭২/- | ৫০০/- |
| ৩৬. | পাতরাইল বাজার | আজিমনগর | ৯০১/- | ৫০০/- |
| ৩৭. | ব্রাহ্মণপাড়া বাজার | আজিমনগর | ৮,৭৩১/- | ৫০০/- |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩৮. | চান্দ্রা বাজার | চান্দ্রা | ১৭,৬৬৭/- | ৫০০/- |
| ৩৯. | পুলিয়া হাট | চান্দ্রা | ৭,৬৯,৯১৩/- | ২,২০০/- |
| ৪০. | কালামৃধা হাট | কালামৃধা | ৯০,০১০/- | ৫০০/- |
| ৪১. | দেওড়া হাট | কালামৃধা | ৮৮,৮৬২/- | ৫০০/- |
| ৪২. | রায়নগর মোড় বাজার | কালামৃধা | ২০,১৭৪/- | ৫০০/- |

**দরপত্রের তফসিল :**

| আহবানের পর্যায় | সিডিউল বিক্রির শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার সময় |
|---|---|---|---|
| ১ম বার | ০৮-০২-২০২৩ ; বিকাল ০৫.০০টা | ০৯-০২-২০২৩ বেলা: ০১.০০ টা | বিকাল ৩.৩০ ঘটিকা |
| ২য় বার | ১৫-০২-২০২২ বিকাল ০৫.০০টা | ১৬-০২-২০২৩ বেলা: ০১.০০ টা | বিকাল ৩.৩০ ঘটিকা |
| ৩য় বার | ২৭-০২-২০২২ বিকাল ০৫.০০টা | ২৮-০২-২০২৩ বেলা: ০১.০০ টা | বিকাল ৩.৩০ ঘটিকা |

**শর্তাবলী নিম্নরূপ :**

১) দরপত্র দাতাকে দরপত্রের সঙ্গে হাট-বাজার ইজারার জন্য প্রদত্ত দরের ৩০% অর্থ ব্যাংক ড্রাফট/পে-অর্ডার মারফত দরের জামানত হিসাবে উপজেলা নির্বাহী অফিসার, ভাঙ্গা, ফরিদপুর বরাবর জমা প্রদান করতে হবে। দরপত্র অনুমোদিত হলে ঐ জামানতের ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকি ৫% অর্থ ইজারার জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারাদার নিজ খরচে নিয়মিত হাট-বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন না করলে বা তাঁর দ্বারা হাট-বাজারের কোন ক্ষতি সাধিত হলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বছর শেষে অব্যবহৃত অর্থ ইজারাদারকে ফেরত প্রদান করা হবে।

২) দরপত্রসমূহের সিডিউল জেলা প্রশাসক, ফরিদপুর; উপজেলা নির্বাহী অফিসার, ভাঙ্গা, ফরিদপুর; সহকারী কমিশনার (ভূমি), ভাঙ্গা, ফরিদপুর; অফিসার ইন-চার্জ, ভাঙ্গা থানা, ভাঙ্গা, ফদিরপুর এবং সোনালী ব্যাংক লিমিটেড, ভাঙ্গা শাখা, ভাঙ্গা, ফরিদপুর কার্যালয় হতে উপর্যুক্ত তফসিল অনুযায়ী দরপত্র মূল্যে (অফেরতযোগ্য) অফিস চলাকালীন সময় পর্যন্ত ক্রয় করা যাবে। জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর ও পুলিশ সুপারের কার্যালয়, ফরিদপুর এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ভাঙ্গা, ফদিরপুর ও সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, ভাঙ্গা, ফরিদপুর এ তফসিল অনুযায়ী রক্ষিত টেন্ডার বাক্সে দরপত্র দাখিল করা যাবে। দরপত্র গ্রহণের দিন বিকাল ৩.৩০.০০ টায় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ভাঙ্গা, ফরিদপুর দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রস্তুতকৃত তুলনামূলক বিবরণীর উপর দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশ/মতামতের বিষয়ে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভাঙ্গা, ফরিদপুর কর্তৃক প্রদত্ত সিদ্ধান্তের পর সংশ্লিষ্ট হাট-বাজার ইজারা বন্দোবস্ত দেওয়ার পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে। ১ম বার দাখিলকৃত দরপত্রে উদ্ধৃত দর সরকারি ধার্যকৃত মূল্যের চেয়ে কম হলে পুনরায় দরপত্র আহবান করা হবে। কাঙ্খিত সরকারি ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত ইজারা কার্যক্রম ঘোষিত তফসিল মোতাবেক অব্যাহত থাকবে।

৩) অনুমোদিত দরদাতাকে অনুমোদিত ইজারা মূল্যের উপর অতিরিক্ত ১০% অর্থ আয়কর বাবদ সোনালী ব্যাংক লিমিটেড, ভাঙ্গা, শাখায় ট্রেজারি চালানের মাধ্যমে কোড নং ১-১১৪১-০০১০-০১১১ তে এবং ১৫% অর্থ ভ্যাট বাবদ সোনালী ব্যাংক লিমিটেড, ভাঙ্গা শাখায় কোড নং ১-১১৩৩-০০০৫-০৩১১ তে ট্রেজারি চালানের মাধ্যমে ইজারা প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে জমাপূর্বক চালানের মূল কপি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করতে হবে এবং অবশিষ্ট ৭৫% অর্থ ইজারার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে পরিশোধ করতে হবে। অন্যথায় জমাকৃত জামানত বাজেয়াপ্ত করে পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে। উল্লিখিত আয়কর এবং ভ্যাট ব্যতিরেকে সরকার কর্তৃক অন্য কোন কর ধার্য করা হলে তা ইজারাদারদের উপর তাৎক্ষনিকভাবে কার্যকর হবে এবং তা ইজারাদারকে পরিশোধ করতে হবে।

৪) এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য হাট-বাজারের জন্য ব্যবহার করা যাবে না। বিক্রয় করা দরপত্র ফেরত অথবা পরিবর্তন করা যাবে না।

৫) খামের উপর দরপত্র দাতার নাম ঠিকানা, মোবাইল নম্বরসহ হাট-বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে। দরপত্রের কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি গ্রহণযোগ্য হবে না। এক্ষেত্রে দরপত্র সরাসরি বাতিল হতে পারে।

৬) ইজারাদারকে জনসাধারণের জ্ঞাতার্থে সরকার অনুমোদিত 'টোল হার (রেইট)' ৮ x ৬ বর্গফুট সাইজের টিনের বোর্ডে/পিভিসি বোর্ডে নিজ খরচে তৈরিপূর্বক হাট-বাজারে প্রকাশ্য স্থানে ঝুলিয়ে রাখতে হবে এবং 'টোল হার' মোতাবেক টোল আদায় করতে হবে। কোনক্রমেই সরকার নির্ধারিত হারের বেশি টোল আদায় করা যাবে না।

৭) ইজারাদার কোন ক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবে না। এরুপ কোন ঘটনা ঘটলে বা চুক্তিপত্রের অন্য কোন শর্ত লঙ্ঘন করা হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং জমাকৃত সমুদয় অর্থ বাজেয়াপ্ত হবে।

৮) দরপত্র অনুমোদিত হওয়ার ০৭ (সাত) দিনের মধ্যে দরদাতাকে ইজারার অবশিষ্ট অর্থসহ ৩ নম্বর অনুচ্ছেদে বর্ণিত সরকারি সমুদয় পাওনা পরিশোধ অন্তে ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়ালের বিধান অনুসারে নিজ খরচে ৩০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে। ইজারার সমুদয় অর্থ জমাদান ব্যতীত ইজারাদারকে হাট-বাজারের দখল প্রদান করা হবে না।

৯) একই দরে একাধিক দরপত্র পাওয়া গেলে প্রকাশ্যে লটারির মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করা হবে এবং কোন হাট-বাজারের দর অনুমোদিত না হওয়া পর্যন্ত ১ম এবং ২য় সর্বোচ্চ দরদাতার জামানত জমা রাখা হবে। যে সকল দরদাতা সংশ্লিষ্ট হাট-বাজারের অনুকূলে দরপত্রের জন্য দাখিলকৃত জামানত ফেরৎ নিবেন না তাদেরকে ঐ হাট-বাজারের জন্য পুনরায় দরপত্রের সাথে পূর্বের দাখিলকৃত জামানত ব্যতীত অতিরিক্ত দরের জামানতের জন্য প্রয়োজনীয় ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে।

১০) হাট-বাজারের ইজারার টাকা পরিশোধ না করলে সরকারি দাবি আদায় আইন ১৯১৩ (Public Demand Recovery Act 1913) অনুযায়ী পাওনা টাকা আদায় করা হবে এবং জমাকৃত সমুদয় অর্থ বাজেয়াপ্তসহ ইজারা বাতিল বলে গণ্য হবে।

CamScanner

১১) দরদাতার অনুকূলে ইজারা প্রদত্ত হলে ইজারাদার ইজারার শেষ দিন কর্তৃপক্ষকে হাট-বাজারের দখল বুঝিয়ে দিতে বাধ্য থাকবেন এবং এ ব্যাপারে তার কোন ওজর আপত্তি আইনত গ্রহণযোগ্য হবে না।

১২) দরপত্রে উল্লেখ না থাকা সত্ত্বেও হাট-বাজার ইজারা সংক্রান্ত বিষয়ে সরকার কর্তৃক বর্তমানে কার্যকর এবং ভবিষ্যতে প্রণীত প্রযোজ্য সকল আইন, অধ্যাদেশ, বিধি, পরিপত্র এবং নির্দেশ ও শর্তাবলী ইজারাদার মানতে বাধ্য থাকবেন। ব্যর্থতায় ইজারা চুক্তি বাতিলসহ ইজারাদারের জমাকৃত সকল অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত বলে গণ্য হবে।

১৩) ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৪) কর্তৃপক্ষ, অন্য যে কোন শর্তারোপসহ যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিলসহ বিজ্ঞপ্তি স্থগিত, তারিখ পরিবর্তন করাসহ এ সংক্রান্ত যাবতীয় ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বাক্ষরিত/-
(আজিম উদ্দিন)
উপজেলা নির্বাহী অফিসার
ভাঙ্গা, ফরিদপুর
ফোন: ০৬৩২৩-৫৬১২৪
মোবাইল: ০১৭০১-৬৭০০৩০
ই-মেইল: unobhanga@mopa.gov.bd

পত্র সংখ্যা: ০৫.১২.২৯১০.০০১.০০.০০১.২৩.২৬ তারিখ: ১৬-০১-২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মাননীয় সংসদ সদস্য, ২১৪ ফরিদপুর ০৪, বাংলাদেশ জাতীয় সংসদ।
২. জেলা প্রশাসক, ফরিদপুর।
৩. পুলিশ সুপার, ফরিদপুর। দরপত্র দাখিলের ধার্য্য তারিখে তাঁর কার্যালয়ে দরপত্র বাক্স স্থাপন এবং ক্ষমতাপ্রদত্ত প্রতিনিধির নিকট প্রাপ্ত দরপত্র প্রেরণ করার অনুরোধসহ।
৪. উপ-পরিচালক, স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর। সিডিউল বিক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ ..............টি সিডিউল তাঁর বরাবর প্রেরণ করা হলো। উক্ত সিডিউল বিক্রয়পূর্বক বিক্রয়লব্দ অর্থ নগদ এবং অবিক্রিত সিডিউল নিম্নস্বাক্ষরকারীর প্রতিনিধির নিকট ফেরত প্রদানের জন্য অনুরোধ করা হলো।
৫. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ফরিদপুর।
৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভাঙ্গা, ফরিদপুর।
৭. মেয়র, ভাঙ্গা পৌরসভা, ভাঙ্গা, ফরিদপুর।
৮. উপজেলা নির্বাহী অফিসার, সদরপুর/চরভদ্রাসন/ফরিদপুর সদর/মধুখালী/নগরকান্দা/সালথা/বোয়ালমারী/আলফাডাঙ্গা, ফরিদপুর।
৯. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভাঙ্গা, ফরিদপুর।
১০. সহকারী কমিশনার (ভূমি), ভাঙ্গা, ফরিদপুর। সিডিউল বিক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ ..............টি সিডিউল তাঁর বরাবর প্রেরণ করা হলো। উক্ত সিডিউল বিক্রয়পূর্বক বিক্রয়লব্দ অর্থ নগদ এবং অবিক্রিত সিডিউল নিম্নস্বাক্ষরকারীর প্রতিনিধির নিকট ফেরত প্রদানের জন্য অনুরোধ করা হলো।
১১. অফিসার ইন-চার্জ, ভাঙ্গা থানা, ভাঙ্গা, ফরিদপুর। সিডিউল বিক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ ..............টি সিডিউল তাঁর বরাবর প্রেরণ করা হলো। উক্ত সিডিউল বিক্রয়পূর্বক বিক্রয়লব্দ অর্থ নগদ এবং অবিক্রিত সিডিউল নিম্নস্বাক্ষরকারীর প্রতিনিধির নিকট ফেরত প্রদানের জন্য অনুরোধ করা হলো।
১২. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড, ভাঙ্গা শাখা, ভাঙ্গা, ফরিদপুর। সিডিউল বিক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ ..............টি সিডিউল তাঁর বরাবর প্রেরণ করা হলো। উক্ত সিডিউল বিক্রয়পূর্বক বিক্রয়লব্দ অর্থ নগদ এবং অবিক্রিত সিডিউল নিম্নস্বাক্ষরকারীর প্রতিনিধির নিকট ফেরত প্রদানের জন্য অনুরোধ করা হলো।
১৩. উপজেলা ..............................................................................কর্মকর্তা (সকল), ভাঙ্গা, ফরিদপুর। নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ।
১৪. চেয়ারম্যান, মানিকদহ/নুরুল্যাগঞ্জ/কাউলীবেড়া/নাছিরাবাদ/তুজারপুর/হামিরদী/আলগী/চুমুরদী/ঘারুয়া/কালামৃধা/আজিমনগর/চান্দ্রা ইউনিয়ন পরিষদ, ভাঙ্গা, ফরিদপুর। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ।
১৫. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, মানিকদহ/কাউলীবেড়া/নাছিরাবাদ/তুজারপুর/আলগী/শরীফাবাদ/কালামৃধা/আজিমনগর/চান্দ্রা/পৌর ইউনিয়ন ভূমি অফিস, ভাঙ্গা, ফরিদপুর। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ।
১৬. সভাপতি/সম্পাদক,..............................................................................হাট-বাজার বণিক সমিতি (সকল), ভাঙ্গা, ফরিদপুর।
১৭. জনাব..............................................................................ইজারাদার, (১৪৩০ বাংলা সন) ..............................হাট-বাজার, ভাঙ্গা, ফরিদপুর।
১৮. জনাব আব্দুল কাদের, প্রশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ও সৌমেন্দ্র নাথ সরকার, সিএ, উপজেলা পরিষদ, ভাঙ্গা, ফরিদপুর। ঢোল মহরতসহ মাইকিং এর মাধ্যমে হাটে-বাজারে, গ্রামে-গঞ্জে বিষয়টি প্রচারের অনুরোধসহ।
১৯. জনাব/সম্পাদক..............................................................................................................................
২০. অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
ভাঙ্গা, ফরিদপুর।

CS CamScanner